# তুলার সাথে সাথী ফসল চাষ







তুলার সাথে সবজি, মসলা, ডাল ও অন্যান্য ফসলের চাষ কর্মসূচি

তুলা উন্নয়ন বোর্ড, কৃষি মন্ত্রণালয়



## তুলার সাথে সাথী ফসল চাষ ও নির্বাচনে বিবেচ্য বিষয়সমূহ-

সঠিক সাথী ফসল নির্বাচন যেমন একজন কৃষককে অত্যন্ত লাভবান করতে পারে, তেমনি ভুল ফসল নির্বাচনের ক্ষেত্রে কৃষকগণ ক্ষতিগ্রস্থ হওয়ার সম্ভাবনা থাকে। তাই সাথী ফসল নির্বাচনে নিম্নোক্ত বিষয়াবলী মনে রাখতে হবে:-

- সাথী ফসলের বৃদ্ধি ও পরিপক্কতার সময় মূল ফসলের বৃদ্ধি পরিপক্কতার সময়ে ভিন্নতা থাকবে।
- তুলার সাথে আলো, বাতাস, পানি, খাদ্যোপাদান এবং জায়গা নিয়ে সাথী ফসল তুলনামূলক কম প্রতিযোগী হয়।
- সাথী ফসলের ক্ষতিকর প্রভাব যেন তুলার ওপর না পড়ে।
- সাথী ফসলের পরিচর্যা পদ্ধতি যেন তুলার পরিচর্যার সাথে মিল থাকে।
- সাথী ফসলের পোকা-মাকড় ও রোগ-বালাই যেন তুলা ফসলকে আক্রমণ না করে।
- তুলা গাছকে পেঁচিয়ে আরোহণ করতে পারে এমন সাথী ফসল অন্তর্ভুক্ত করা যাবে না।
- এলাকার চাহিদা ও বাজার ব্যবস্থার বিবেচনায় সাথী ফসল নির্বাচন করতে হবে।
- সাথী ফসল এর জন্য জমিতে প্রয়োজনে তুলা ফসলের জন্য নির্ধারিত মাত্রার অতিরিক্ত সার প্রয়োগ করতে হবে।
- তুলার সাথে চাষের জন্য স্বল্প মেয়াদি সাথী ফসল নির্বাচন করাই ভাল।
- অতিরিক্ত খাদ্য ও পানির চাহিদা সম্পন্ন ফসল তুলার সাথে চাষের জন্য সাথী ফসল হিসেবে নির্বাচন না করাই উত্তম।
- সাথী ফসল উঠানোর পর পর তুলার জমি ভালভাবে পরিষ্কার ও মাটি আলগা করে সার প্রয়োগের ব্যবস্থা করতে হবে।





## তুলার সাথে উপযুক্ত সাথী/রিলে ফসল সমূহ-

- **শাক/সবজি-** লালশাক, মুলা শাক, ডাটা শাক, কলমীশাক, পাটশাক, শসা, বরবটি, শিম, করলা, মিষ্টি কুমড়া, ফুলকপি, বাঁধাকপি, পটল, মূখী কচু
- **ডাল-** মুগ, মাসকলাই, খেসারি
- **মসলা-** ধনিয়াপাতা, গ্রীষ্মকালীন পেঁয়াজ, আদা, হলুদ, মরিচ
- **অন্যান্য-** ভুট্টা, গম, তিল, নতুন স্থাপিত আম, লিচু, কলা, পেঁপে, ড্রাগন, পেয়ারা, বরই, লেবু ইত্যাদি বাগানে তুলাচাষ করা যায়।

## তুলাভিত্তিক সাথী ফসল চাষ

তুলা বপনের পর দু'সারির মাঝে স্বল্পমেয়াদী শাকসব্জি শ্রাবণ মাসে ছিটিয়ে বপন করতে হয়। এক থেকে দেড় মাসের মধ্যে শাক খাবার উপযুক্ত হয় এবং নিড়ানী দেয়ার সময় তুলে ফেলতে হয়। লাল-শাক, ডাটা-শাক, মুলা-শাক, কলমী-শাক, ধনে পাতা সাথী ফসল হিসাবে চাষ করা যায়। জুলাই-আগষ্ট মাসে দুই সারি তুলার মধ্যে এক সারি ডাল জাতীয় ফসল (মুগ, মসুর ও মাসকলাই) লাইনে বপন করতে হয়। দু'লাইন তুলার মাঝে এক লাইন তিল/ বাদাম একই সময় বপন করা যায়। ৯০ সে.মি. দুরত্বে বপনকৃত তুলার দুই লাইনের ঠিক মাঝখানে গ্রীষ্মকালীন পেঁয়াজের তিন লাইন চারা রোপন করতে হবে। বৈশাখ-জ্যৈষ্ঠ মাসে ৯০ সে: মি:x২০ সে:মি: দূরত্ব দিয়ে আদা/হলুদ লাগাতে হয়। এর পর শ্রাবণ মাসে দু'লাইন আদা/হলুদের মাঝে এক লাইন তুলার বীজ ৪৫ সে:মি: অন্তর ডিবলিং পদ্ধতিতে বপন করতে হয় এবং প্রয়োজনীয় পরিচর্যা অব্যাহত রাখতে হয়। মার্চ থেকে মধ্য এপ্রিলের মধ্যে বৃষ্টিপাত শুরু হলে বারি মরিচ-১ জাত (বাংলা লংকা) ৪০ সে:মি:x৩০ সে:মি: দূরত্ব দিয়ে লাগাতে হয়। এরপর জুলাই-আগস্ট মাসে দু'সারি মরিচের মাঝে ১ সারি তুলা ডিবলিং পদ্ধতিতে বপন করতে হয়।



# তুলার সাথে সাথী ফসল চাষে
# অর্থ ও পুষ্টি দুই-ই আসে



